কানাইঘাটে রাজনৈতিক ও ব্যবসায়িক দ্বন্দ্বে খুন হন জামায়াত নেতা শিহাব উদ্দিন

চেম্বার প্রতিবেদক: কানাইঘাটে রাজনৈতিক ও ব্যবসায়িক দ্বন্দ্বে আওয়ামী লীগ ও যুবলীগ নেতাদের হাতে জামায়াত নেতা হাফিজ শিহাব উদ্দিন খুন হয়েছেন। গতকাল মঙ্গলবার (২৭মে) রাত এশার সময় উপজেলার রাজাগঞ্জ ইউনিয়নের খালোপার গ্রামে সমিল সংলগ্ন স্থানে এ ঘটনা ঘটে।

সন্ত্রাসীদের উপর্যুপুরি ছুরির আঘাতে শিহাব উদ্দিনের অতিরিক্ত রক্তক্ষরণ হয়, স্থানীয়রা উদ্ধার করে সিলেট ওসমানী হাসপাতালে নিয়ে যাবার পর কর্তব্যরত চিকিৎসক শিহাব উদ্দিনকে মৃত ঘোষণা করেন।

শিহাব উদ্দিনের লাশ বর্তমানে ওসমানী হাসপাতাল মর্গে রয়েছে। কিছু সময়ের মধ্যে ময়নাতদন্ত হবে বলে জানা গেছে।

শিহাব উদ্দিনের বড় ভাই মাসুক উদ্দিন জানান, ব্যবসায়িক ও রাজনৈতিক দ্বন্দ্বে আমার ভাইকে খুন করা হয়েছে। খুনিরা চিহ্নিত। কারা এ ঘটনার সাথে জড়িত জানতে চাইলে তিনি বলেন, লুৎফর, জামাল, শহিদ ও শিব্বির। তারা একই গ্রামের ও আওয়ামী লীগের রাজনীতি করেন।

কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল আউয়াল বলেন, শিহাব উদ্দিন খুনের সংবাদ পেয়ে আমরা রাতেই এলাকায় গিয়েছি। তিনি বলেন,ব্যবসা ও রাজনৈতিক দ্বন্দ্বে এ খুন হতে পারে বলে আমরা প্রাথমিক জানতে পেরেছি, আরো অধিক তদন্ত করলে বিস্তারিত জানা যাবে।

তিনি বলেন, শিহাব উদ্দিন খুনের ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি ও আসামিদের গ্রেফতারে অভিযান চলছে।
জানা যায়, অভিযুক্ত লুৎফর, জামাল, শহিদ ও শিব্বির তারা আওয়ামী লীগ ও যুবলীগের রাজনীতির সাথে জড়িত। অপরদিকে নিহত শিহাব উদ্দিন জামায়াতে ইসলামীর রাজনীতি করেন। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ ইউনিয়ন শাখার সভাপতি। পাশাপাশি শিহাব বালু পাথরের ব্যবসা করেন।
শিহাব উদ্দিন ২ ছেলে ও ১ মেয়ে সন্তানের জনক। শিহাব উদ্দিন খুনের

ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। প্রকৃত আসামিদের দ্রুত গ্রেফতার করার জন্য আইন শৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান জানান এলাকাবাসী।